

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও
পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.২৩.০০৬.২৬-২৬২

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩৩
০৬ মে ২০২৬


গণবিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সম্মানিত সকল নাগরিকের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের উদ্যোগে ভূমিসেবা বিষয়ে জনসচেতনতা কার্যক্রমের অংশ হিসেবে ‘ভূমিসেবা মেলা- ২০২৬’ আগামী ১৯ মে ২০২৬ হতে ২১ মে ২০২৬ পর্যন্ত সারাদেশে একযোগে অনুষ্ঠিত হবে। আগামী ১৯ মে ২০২৬ তারিখ সকাল ১০.০০ টায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান এমপি ঢাকার তেজগাঁওস্থ ভূমি ভবনে উক্ত ভূমিসেবা মেলার শুভ উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। মেলায় বিভিন্ন ভূমিসেবা সম্পর্কে নাগরিকদের অবহিত করাসহ তাৎক্ষণিক সেবা প্রদান করা হবে। নাগরিকগণ সকল বিভাগীয় সদর/জেলা সদর/ উপজেলা ভূমি অফিস এবং ঢাকার তেজগাঁওস্থ ভূমি ভবনে উপস্থিত হয়ে নিম্নলিখিত সেবা গ্রহণ করতে পারবেন:

- ক) অনলাইনে ভূমি উন্নয়ন কর প্রদানের জন্য land.gov.bd-এ রেজিস্ট্রেশন কার্যক্রম, হোল্ডিং এন্ট্রি ও অনুমোদন এবং অনলাইনে ভূমি উন্নয়ন কর প্রদানে নাগরিকদের সহযোগিতা প্রদান;
- খ) ই-নামজারির আবেদন গ্রহণ;
- গ) ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণের চেক প্রদান;
- ঘ) অনলাইনে খতিয়ানের সার্টিফাইড কপি প্রাপ্তির আবেদন গ্রহণ;
- ঙ) অনলাইনে মৌজা ম্যাপ প্রাপ্তির আবেদন গ্রহণ এবং
- চ) সেবাগ্রহীতারদের সেবা সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের সরাসরি উত্তর প্রদান, ইত্যাদি।

সংশ্লিষ্ট সম্মানিত সকল নাগরিককে মেলায় অংশগ্রহণ করে উল্লিখিত ভূমিসেবা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

“জনবান্ধব অটোমেটেড ভূমি ব্যবস্থাপনা:
সুরক্ষিত ভূমি, সমৃদ্ধ ভবিষ্যৎ”


০৬/০৫/২০২৬
সাদেকুর রহমান
উপসচিব